বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯

(প্রাথমিক চূড়ান্ত রিপোর্ট)

বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন
বিটিএমসি ভবন
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫

লোগো

বাণী

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি) ২০১৮-২০১৯ অর্থ বছরের কার্যক্রম নিয়ে একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

স্বাধীনতা পরবর্তী ১৯৭২ সালে রাষ্ট্রীয়করণকৃত ৭৪টি টেক্সটাইল মিল বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি) কে ন্যস্ত করা হয়। পরবর্তীতে বিটিএমসি কর্তৃক আরও ১২টি মিল প্রতিষ্ঠাপূর্বক সর্বমোট মিল সংখ্যা দাড়ায় ৮৬টি। দেশীয় সূতার চাহিদাপূরণ এবং সেই সাথে সাথে বিপুল পরিমাণ কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেক্সটাইল মিলগুলো স্বগৌরবে পরিচালিত হয়েছে।

প্রাচীনকাল থেকে বাংলাদেশের বস্ত্রশিল্পের সুখ্যাতি বিশ্বব্যাপি এবং এদেশের অর্থনৈতিক কর্মকান্ডে বস্ত্রশিল্প সুদূর অতীত থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দেশের রপ্তানি আয়ের সিংহভাগ অর্জিত হয় বস্ত্রখাত থেকে। এছাড়া দারিদ্র বিমোচনে বস্ত্র খাতের রয়েছে অসামান্য অবদান। বর্হিবিশ্বের সাথে তাল মিলিয়ে বস্ত্রশিল্পের প্রসারের লক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশক্রমে বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন কর্তৃক ইতোমধ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন কর্তৃক পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর মাধ্যমে সকল বন্ধ মিল চালুকরণের প্রক্রিয়া শুরু হয়েছে। বন্ধ এসব মিলগুলো পুনরায় চালু হলে এসকল শিল্প প্রতিষ্ঠানে নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে বলে আমার বিশ্বাস।

আমি আশা করি, বর্তমান সরকারের গৃহিত নীতিমালা ও পরিকল্পনাকে কাজে লাগিয়ে বস্ত্রখাতের রপ্তানির বাজার সম্প্রসারণ, বৈদেশিক মুদ্রা অর্জন, পরিবেশ রক্ষা এবং কর্মসংস্থান সৃষ্টি করে বাংলাদেশ একটি উন্নত সমৃদ্ধ দেশ হিসেবে প্রতিষ্ঠিত হবে।

পরিশেষে, আমি এ বার্ষিক প্রতিবেদন প্রকাশের সাফল্য কামনা করছি পাশাপাশি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।



(গোলাম দস্তগীর গাজী, বীরপ্রতীক, এমপি)
মন্ত্রী
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

লোগো

বাণী

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি) প্রতি বছরের ন্যায় এ বছরও বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯ প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এটি একটি সময়োপযোগী পদক্ষেপ এবং উদ্যোগটি প্রসংশনীয়।

মানুষের ৫টি মৌলিক চাহিদার অন্যতম একটি হলো বস্ত্র। প্রাচীনকাল থেকেই বাংলাদেশের বস্ত্র শিল্পের খ্যাতি বিশ্বজুড়ে বিদ্যমান। দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বস্ত্রশিল্পের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। দেশের কর্মসংস্থান সৃষ্টিতে বস্ত্রখাতের রয়েছে অসামান্য অবদান। বৈদেশিক মুদ্রা অর্জনে বস্ত্রখাত বিশ্বে দ্বিতীয় অবস্থানে রয়েছে। বস্ত্রখাতের সাফল্যের পিছনে বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি) এর রয়েছে গৌরবান্বিত ইতিহাস।

বস্ত্রখাতের উন্নয়নে বর্তমান সরকার নানামূখী কর্মসূচী গ্রহণ করছে । মাননীয় প্রধানমন্ত্রী বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালে বস্ত্রখাতের উন্নয়নে গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বস্ত্রখাতের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বিটিএমসি নিরলসভাবে কাজ করে যাচ্ছে । বন্ধ মিলগুলো পুনরায় চালুর মাধ্যমে এখাতে সুদিন ফিরিয়ে আনার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী রাষ্ট্রীয় মালিকানাধীন মিলগুলো পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) এর মাধ্যমে আধুনিকায়নপূর্বক কম্পোজিট গ্রীন টেক্সটাইল স্থাপনের জন্য দেশী/বিদেশী শিল্প উদ্যোক্তাদের সাথে আলোচনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিটিএমসি'র বর্তমান মিলসমূহের মধ্যে ১৬টি মিল পিপিপি'র আওতায় পরিচালনার জন্য CCEA (Cabinate Committee on Economic Affairs) এর নীতিগত অনুমোদন পাওয়া গিয়েছে। তন্মধ্যে প্রথম পর্যায়ে ২টি মিলের আনুষ্ঠানিকভাবে চুক্তি সম্পাদিত হয়েছে। দেশের বিপুল পরিমাণ চাহিদা পূরণের লক্ষ্যে এবং টেক্সটাইল সম্পর্কিত শিল্প প্রসারের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লী স্থাপনের কার্যক্রম অব্যাহত আছে। ভিশন-২০২১ এর আলোকে টেক্সটাইল সংক্রান্ত বর্তমান সরকারের যুগ ও সময়োপযোগী নীতিমালাকে কাজে লাগিয়ে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার এ নবযাত্রায় বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন সরকারের পাশে থেকে উল্লেখযোগ্য অবদান রাখতে সমর্থ হবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯ এ উল্লেখিত তথ্য-উপাত্ত এ প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে জনসাধারণ ও সুবিধাভোগীদের সম্যক অবগত করা এবং সংস্থার কার্যক্রমকে পরিমাপযোগ্য ও জবাবদিহিমূলক করার জন্য বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। আশা করছি সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ/প্রতিষ্ঠানসমূহ/সুবিধাভোগীগণ এ প্রতিবেদন থেকে তাদের প্রয়োজনীয় তথ্য জানতে পারবেন এবং মতামত বিটিএমসি'কে জানাতে পারবেন। ফলশ্রুতিতে বিটিএমসি ভবিষ্যতে কাজের প্রতি আরও যত্নবান ও মনোযোগী হতে পারবে।

পরিশেষে আমি এ বার্ষিক প্রতিবেদন প্রকাশের সাফল্য কামনা করছি, পাশাপাশি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

(মোহাম্মদ বেলায়েত হোসেন)
সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখবন্ধ

১৯৭২ সালের ২৬ মার্চ বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান (রাষ্ট্রীয়করণ) আদেশের ১০ নং অনুচ্ছেদের আওতায় (১৯৭২ সালের রাষ্ট্রপতি অধ্যাদেশ নং-২৭) বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি) প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালের ১লা জুলাই হতে জাতীয়করণকৃত ৭৪টি মিল নিয়ে বিটিএমসি আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে। পরবর্তীতে বিটিএমসি আরও ১২টি মিল স্থাপন করে; যাতে করে বিটিএমসি'র মোট মিল সংখ্যা দাঁড়ায় ৮৬টি। সরকারের বিরাষ্ট্রীয়করণ ও বেসরকারীকরণ নীতির আওতায় ১৯৭৭ হতে ২০১০ সালের মধ্যে ৫৮টি মিল হস্তান্তর, বিক্রি ও অবসায়ন করা হয়। নব্বই দশক পযর্ন্ত বিটিএমসি'র মিলগুলোর উৎপাদিত পণ্য দেশীয় চাহিদার সিংহভাগ যোগান দিত।

বিটিএমসি'র প্রশাসনিক বিষয়াদি ও সাধারণ নির্দেশনা পরিচালক পর্ষদের উপর ন্যস্ত। সরকারি নীতি সাপেক্ষে করপোরেশনের কার্যাবলি সম্পন্ন করা হয়ে থাকে।

বর্তমানে বিটিএমসি'র নিয়ন্ত্রণে ২৫টি টেক্সটাইল মিল আছে যার মধ্যে ৫টি মিল ভাড়ায় পরিচালিত হচ্ছে। ২৫টি মিলের মধ্যে ১৬টি মিল পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি)'র আওতায় পর্যায়ক্রমে চালুকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহনের জন্য CCEA (Cabinet Committee on Economic Affairs) এর নীতিগত অনুমোদন পাওয়া গেছে। তন্মধ্যে প্রথম পর্যায়ে ২টি মিল (আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলস এবং কাদেরিয়া টেক্সটাইল মিলস) আন্তর্জাতিক দরপত্র আহবানের দ্বারা চূড়ান্তভাবে নির্বাচিত প্রাইভেট পার্টনারকে হস্তান্তর করার বিষয়ে সিসিইএ'র চুড়ান্ত অনুমোদন নেয়া হয়। আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলের নির্বাচিত প্রাইভেট পার্টনার (তানজিনা ফ্যাশন লিঃ) এর সাথে ২৫-০৬-২০১৯খ্রিঃ তারিখে এবং কাদেরিয়া টেক্সটাইল মিলের নির্বাচিত প্রাইভেট পার্টনার (অরিয়ন কনসোর্টিয়াম)-এর সাথে ২১-০৭-২০১৯খ্রিঃ তারিখে আনুষ্ঠানিকভাবে চুক্তি সম্পাদিত হয়েছে। মিল দুটির দ্রুত হস্তান্তর কার্যক্রম প্রক্রিয়াধীণ। অবশিষ্ট ১৪টি মিলের মধ্যে দ্বিতীয় পর্যায়ে ৪টি মিল (১) আর, আর, টেক্সটাইল মিলস, সীতাকুন্ড, চট্রগ্রাম, (২) দোস্ত টেক্সটাইল মিলস, নতুন রাণীরহাট, ফেণী, (৩) মাগুরা টেক্সটাইল মিলস, মাগুরা ও (৪) রাজশাহী টেক্সটাইল মিলস, সপুরা, রাজশাহী পিপিপি'র মাধ্যমে পরিচালনার জন্য নির্বাচন করা হয়েছে। এ বছর বর্ণিত ৪টি মিলের আন্তর্জাতিক দরপত্র আহবানের লক্ষ্যে কার্যক্রম দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে। দেশের বিপুল পরিমাণ চাহিদা পূরণের লক্ষ্যে এবং টেক্সটাইল সম্পর্কিত শিল্প প্রসারের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লী স্থাপনের কার্যক্রম অব্যাহত আছে। খুলনা টেক্সটাইল পল্লীর প্লট বিক্রয়ের লক্ষ্যে দুইবার দরপত্র আহবান করা হলেও কোন দরদাতা পাওয়া যায়নি। দীর্ঘ সময়ব্যাপি প্রকল্পটি অবাস্তবায়িত থাকায় খুলনা টেক্সটাইল মিলে টেক্সটাইল পল্লী স্থাপনের অনুমোদন পরিবর্তনপূর্বক জমির অবস্থান অনুসারে পিপিপি'র আওতায় ফুডকোর্টসহ থিমপার্ক, এমিউজমেন্ট পার্ক, রিসোর্ট অথবা হাসপাতাল নির্মাণের অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পুনঃপ্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। এছাড়াও টাঙ্গাইল কটন মিলটি পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে আন্তর্জাতিক দরপত্র আহবান করা হলেও মামলা জনিত কারণে কার্যক্রম সাময়িক স্থগিত রয়েছে। মামলা প্রত্যাহার হলে পুনরায় দরপত্র আহবান করা যাবে। বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্যে ইতোমধ্যে কোরিয়া, চীন, সংযুক্ত আরব আমিরাত, তুরস্ক, ইরান, সৌদি-আরব, জাপান, সিঙ্গাপুরসহ বিভিন্ন দেশের সম্ভাব্য বিনিয়োগকারীদের নিকট পিপিপি'র মাধ্যমে টেক্সটাইল খাতে অংশগ্রহনের জন্য বিনিয়োগ প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এছাড়াও পিপিপি বিষয়ক সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা আয়োজন/অংশগ্রহণের মাধ্যমে বিনিয়োগে গতিশীলতা আনয়নের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

বর্তমান সরকারের রুপকল্প ২০২১ বাস্তবায়ন ও বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রুপান্তরের নিমিত্তে স্থানীয় ও বিদেশী বিনিয়োগকারীদের যৌথ উদ্যোগ প্রকল্প ও পাবলিক প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) প্রকল্পের মাধ্যমে আধুনিক স্পিনিং, উইভিং, ডাইং, ফিনিশিং, কম্পোজিট টেক্সটাইল এবং টেক্সটাইল এক্সেসরিজ শিল্প প্রতিষ্ঠান স্থাপনের জন্য বিটিএমসি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। বাজারের চাহিদানুযায়ী আগ্রহী স্থানীয় ও বিদেশী বিনিয়োগকারীগণ প্রস্তাবসহ আন্তরিকভাবে আমন্ত্রিত।

বিটিএমসি'র ২০১৮-১৯ অর্থবছরের সম্পাদিত কার্যাবলী নিয়ে এ প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে। প্রকাশিত তথ্যাবলী বিটিএমসি'র স্টেকহোল্ডারদের জন্য সহায়ক হবে এবং করপোরেশনের কার্যক্রম ও অগ্রযাত্রা সম্পর্কে সুস্পষ্ট ধারনা দিবে। বিটিএমসি'র বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯ প্রণয়নে সংশ্লিষ্ট কমিটির সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং বিটিএমসি'র সার্বিক সফলতা কামনা করছি।

২/১০/১৯

ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মাদ কামরুজ্জামান
পিবিজিএমএস, এনডিসি, পিএসসি, জি
চেয়ারম্যান
বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন

আহবায়ক, বার্ষিক প্রতিবেদন প্রকাশনা কমিটি।

কিছু কথা

মানুষের মৌলিক চাহিদার মধ্যে বস্ত্র একটি উল্লেখযোগ্য উপাদান। জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা বিনির্মাণের অংশ হিসেবে মহামান্য রাষ্ট্রপতির আদেশ বলে জাতীয়করণকৃত ৭৪টি মিল নিয়ে ১৯৭২ সালের ১লা জুলাই বিটিএমসির কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও দেশীয় শিল্প উদ্যোক্তাদের উৎসাহিত করার লক্ষ্যে বিটিএমসির উদ্যোগে পরবর্তীতে বিভিন্ন অঞ্চলে আরও ১২টি শ্রমনিবিড় (Labour- intensive Textile Mills) বস্ত্র মিল স্থাপনের মাধ্যমে বিটিএমসি’র নিয়ন্ত্রণাধীন মোট মিল সংখ্যা দাড়ায় ৮৬টি। দেশের আপামর জনগণের চাহিদা পূরনের লক্ষ্যে দেশীয় সূতা এবং কাপড় উৎপাদনে বিটিএমসি’র রয়েছে এক গৌরবান্বিত ইতিহাস। পরবর্তীতে অব্যাহতভাবে লোকসানের ফলশ্রুতিতে আর্থিক সংকটের কারনে কাঁচাতুলা আমদানি করতে না পারায় অধিকাংশ মিলের উৎপাদন কার্যক্রম বন্ধ হয়ে যায়। ৩০-৪০ বছরের পুরানো প্রযুক্তির ক্ষয়প্রাপ্ত যন্ত্রপাতির উৎপাদন ক্ষমতা হ্রাস পাওয়ার কারণে উৎপাদিত পন্যের গুনগতমান কোনভাবেই যুক্তিসংগত পর্যায়ে বজায় রাখা সম্ভব হচ্ছেনা। ফলশ্রুতিতে প্রতিমাসেই মিলগুলোতে আর্থিক লোকসানের পরিমাণ ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে এবং ক্রমান্বয়ে বিটিএমসি আর্থিক দৈন্যতায় নিমজ্জিত হওয়ার দ্বারপ্রান্তে পৌছেছে। এরূপ পরিস্থিতিতে সংকট উত্তোরণের জন্য বর্তমান গণতান্ত্রিক সরকারের দিক নির্দেশনায় বিটিএমসি বেশ কিছু সময়োপযোগী পদক্ষেপ গ্রহন করে।

বন্ধ মিলগুলো পুনরায় চালুর মধ্য দিয়ে এখাতে সুদিন ফিরিয়ে আনার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী রাষ্ট্রীয় মিলগুলো পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) এর মাধ্যমে আধুনিকায়ণপূর্বক স্পিনিং, উইভিং, ডাইং, ফিনিশিং, কম্পোজিট গ্রীন টেক্সটাইল স্থাপনের জন্য দেশী/বিদেশী শিল্প উদ্যোক্তাদের সাথে আলোচনার উদ্যোগ গ্রহন করা হয়। বিটিএমসির বর্তমান মিলসমূহের মধ্যে ১৬টি মিল পিপিপি’র আওতায় পরিচালনার জন্য CCEA (Cabinate Committee on Economic Affairs) এর নীতিগত অনুমোদন পাওয়া গিয়েছে। তন্মধ্যে প্রথম পর্যায়ে ২টি মিল (আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলস এবং কাদেরিয়া টেক্সটাইল মিলস) আন্তর্জাতিক দরপত্র আহবানের মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিত প্রাইভেট পার্টনারকে হস্তান্তর করার বিষয়ে পুনরায় সিসিইএ’র অনুমোদন নেয়া হয়। আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলের নির্বাচিত প্রাইভেট পার্টনার (তানজিনা ফ্যাশন লিঃ) এর সাথে ২৫-০৬-২০১৯খ্রিঃ তারিখে এবং কাদেরিয়া টেক্সটাইল মিলের নির্বাচিত প্রাইভেট পার্টনার (অরিয়ন কনসোর্টিয়াম)-এর সাথে ২১-০৭-২০১৯খ্রিঃ তারিখে আনুষ্ঠানিকভাবে চুক্তি সম্পাদিত হয়েছে। মিল দুটি দ্রুত হস্তান্তর কার্যক্রম প্রক্রিয়াধীণ। দেশের বিপুল পরিমাণ চাহিদা পূরণের লক্ষ্যে এবং টেক্সটাইল সম্পর্কিত শিল্প প্রসারের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লী স্থাপনের কার্যক্রম অব্যাহত আছে। চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লীর ৭টি শিল্প প্লট দলিল রেজিষ্ট্রির মাধ্যমে বেসরকারী শিল্প উদ্যোক্তাদের নিকট হস্তান্তর করা হয়েছে এবং অবশিষ্ট শিল্প প্লটসমূহ বিক্রির কার্যক্রম অব্যাহত আছে। ভিশন-২০২১ এর আলোকে টেক্সটাইল সংক্রান্ত বর্তমান সরকারের যুগ ও সময়োপযোগী নীতিমালাকে কাজে লাগিয়ে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার এ নবযাত্রায় বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন সরকারের পাশে থেকে উল্লেখযোগ্য অবদান রাখতে সমর্থ হবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৬(৩) মোতাবেক এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে প্রতিবছর একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার সুনির্দিষ্ট নির্দেশনা রয়েছে। বর্ণিত আইন ও চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে বিটিএমসি তার কার্যক্রমের উপর বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯ প্রকাশ করতে যাচ্ছে। বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি) ২০১৮-১৯ অর্থবছরের কার্যক্রমের প্রতিবেদনে বিটিএমসির উপর সামগ্রিক ধারনা পাওয়া যাবে বলে আমি আশাবাদ ব্যক্ত করছি।

বিটিএমসি’র মাননীয় চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মাদ কামরুজ্জামান, পিবিজিএমএস, এনডিসি, পিএসসি, জি এর পৃষ্ঠপোষকতায় বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯ প্রণয়নের জন্য আমি সম্পাদনা ও প্রকাশনা কমিটির সদস্য এবং সংস্থার সংশ্লিষ্ট বিভাগ/শাখা ও মিলসমূহের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য সরবরাহ ও সাহায্য-সহযোগিতা করার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং বিটিএমসি’র উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

মোঃ ফজলুল কবীর
সচিব
বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন

বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯ এর প্রকাশনা কমিটি

মোঃ ফজলুল কবীর
সচিব
আহ্বায়ক কমিটি

কাজী ফিরোজ হোসেন
উপ-মহাব্যবস্থাপক(বোর্ড) ও
ইনচার্জ (বাণিজ্য)
সদস্য, কমিটি

মোঃ মজিবুর রহমান
উপ-মহাব্যবস্থাপক (পারসনেল)
সদস্য, কমিটি

মোঃ মহিউদ্দিন
প্রধান হিসাব রক্ষক (অতিঃ দাঃ)
সদস্য, কমিটি

চৌধুরী আখতার আলী বেগ
ব্যবস্থাপক (কর্মচারী সংযোগ)
সদস্য, কমিটি

মোহাম্মদ সহিদ উল্লাহ
উপ-প্রধান নিরীক্ষক
সদস্য, কমিটি

মোহাম্মদ আলী জিন্নাহ
ব্যবস্থাপক (সাকশা)
সদস্য, কমিটি

মোঃ ইব্রাহিম মিয়া
সহকারী ব্যবস্থাপক (কারিগরী)
সদস্য-সচিব, কমিটি

সাব্বির আহমেদ
সহকারী প্রধান প্রকৌশলী
সদস্য, কমিটি

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
০১	ভূমিকা	৮-৯
০২	ভিশন	১০
০৩	মিশন	১০
০৪	কৌশলগত উদ্দেশ্য	১০
০৫	কার্যাবলী	১০
০৬	পরিচালনা পর্ষদ	১১
০৭	সংস্থার সাংগঠনিক কাঠামো ও জনবল	১২-১৪
০৮	নাগরিক সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) ও ফোকাল পয়েন্ট	১৫-১৮
০৯	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি	১৯
১০	২০১৭-১৮ অর্থবছরের আয়-ব্যয় ও বাজেট	২০
১১	মিলের তথ্য	২১-২৬
১২	মিলের বিগত ০৫ (পাঁচ) বছরের পরিচালন আয়-ব্যয়	২৬
১৩	প্রকল্প	২৭-২৮
১৪	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন	২৯-৩০
১৫	বিটিএমসি'র সাম্প্রতিক সাফল্য	৩১
১৬	বিটিএমসি'র ভবিষ্যৎ পরিকল্পনা	৩২
১৭	মামলা সংক্রান্ত তথ্য	৩৩
১৮	পুন:অধিগ্রহনকৃত ২টি মিলের তথ্য	৩৩-৩৪
১৯	বাণিজ্যিক অডিট সংক্রান্ত পরিসংখ্যান	৩৪
২০	বিভাগীয় কর্মকর্তা পরিচিতি	৩৫
২১	মানবসম্পদ উন্নয়ন	৩৬
২২	প্রণোদনা	৩৭
২৩	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন ও অগ্রগতি	৩৮-৩৯
২৪	নাগরিক সেবা সহজিকরণে বিটিএমসি'র ইনোভেশন	৩৯
২৫	মান-নিয়ন্ত্রণ পরীক্ষাগার	৪০-৪১
২৬	SDG অর্জনে বিটিএমসি'র কর্ম-পরিকল্পনা	৪২-৪৩
২৭	ফটো গ্যালারী	৪১-৪৫

ভূমিকাঃ

প্রাগৈতিহাসিক থেকে অষ্টম সেঞ্চুরীতে শিল্প বিপ্লব পর্যন্ত পূর্ব বাংলা বস্ত্রে স্বয়ং সম্পূর্ণ ছিল । পাক-ভারত উপ-মহাদেশে বংশানুক্রমিকভাবে সুদক্ষ কারিগর (Artisan) গ্রুপ আকারে কুটির শিল্প হিসেবে বস্ত্র উৎপাদন করত। ১৯৪৭ সালে বৃটিশ শাসনের অবসান এবং ভারতবর্ষ ভাগ হওয়ায় পাকিস্তানের অংশ হিসেবে পূর্ব পাকিস্তানের অভ্যুদয় হয়। পাকিস্তানের বৈষম্যমূলক নীতির কারণে পূর্ব পাকিস্তানে বেকারত্ব ও সস্তা শ্রমিক হওয়ায় বেসরকারী অধিকাংশ বস্ত্রশিল্প পূর্ব পাকিস্তানে স্থাপিত হয়। ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের পর পাকিস্তানি শাসনের অবসান হয়।

১৯৭২ সালের ২৬ মার্চ The Bangladesh Industrial Enterprises (Nationalization) Order No 27 of 1972 (President Order No 27 of 1972) এর ক্ষমতাবলে Bangladesh Textile Mills Corporation (BTMC) গঠন করা হয়। President Order No 27 of 1972 এর মাধ্যমে জাতীয়করণকৃত ৭৪টি মিল নিয়ে ১৯৭২ সালের ১লা জুলাই হতে বিটিএমসি'র আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। রাষ্ট্রপতির অধ্যাদেশ নং ২৭,১৯৭২ এ বিটিএমসি'র কার্য্যাবলি প্রশাসনিক বিষয়াদি ও সাধারণ নির্দেশনা পরিচালক পর্ষদের উপর ন্যস্ত হয়, যার প্রধান চেয়ারম্যান। এছাড়াও সময় সময় জারীকৃত সরকারি নির্দেশের আলোকে করপোরেশনের কার্য্যাবলি সম্পাদন করা হয়।

বিটিএমসি গঠনের মূল লক্ষ্য জাতীয়করণকৃত এবং সরকারি বস্ত্র খাতের মিলগুলোর ব্যবস্থাপনা, পরিচালনা, তদারকি, সমন্বয় ও নিয়ন্ত্রণকরণ,নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপন ও উন্নয়নকরণ। স্বাধীনতা পরবর্তী দেশের জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে বস্ত্রের চাহিদা বৃদ্ধি,শিল্প স্থাপনে বেসরকারি উদ্যোক্তাদের উৎসাহিত করা, শিল্পায়নের মাধ্যমে বিদেশী নির্ভরতা হ্রাস করা এবং সর্বোপরি জনগনের কর্ম সংস্থানের লক্ষ্যে সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বিটিএমসি'র মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে আরও ১২টি শ্রমনিবিড় বস্ত্র শিল্প (Labour- intensive Textile Mills) স্থাপন করা হয়। ফলে বিটিএমসি'র মিল সংখ্যা দাড়ায় ৮৬টি। দেশের উপজেলা পর্যায় পর্যন্ত ১০৫টি বিক্রয় কেন্দ্র স্থাপনের মাধ্যমে বিটিএমসি'র মিলগুলোতে উৎপাদিত সুতা এবং কাপড় সাধারণ ভোক্তাদের নিকট ন্যায্য মূল্যে বিক্রয় করা হতো। স্বাধীনতা পরবর্তী দেশের সুতা ও বস্ত্রের চাহিদা পূরণে বিটিএমসি'র মিলগুলো সিংহভাগ ভূমিকা পালন করেছে।

বিশ্ব অর্থনীতি পরিবর্তনের সাথে তাল মিলিয়ে জাতীয় অর্থনীতিতে বেসরকারি শিল্প মালিক এবং দেশী-বিদেশী উদ্যোক্তাদের শিল্প স্থাপনে উৎসাহিত করার লক্ষ্যে ১৯৮২ সালের বিরাষ্ট্রীকরণ শিল্প নীতির আওতায় জাতীয়করণকৃত বস্ত্র মিলগুলোর মধ্যে ৩০টি মিল সাবেক বাংলাদেশী মালিকদের নিকট ফেরৎ দেয়া /হস্তান্তর করা হয় এবং ১৯৭৭ সাল থেকে ২০০৯সাল পর্যন্ত বিভিন্ন সময়ে ১২টি মিল বেসরকারীকরণ করা হয়। লিকুইডেশন সেল কর্তৃক ৩টি মিল বিক্রি ও বিক্রির জন্য লিকুইডেশন সেলে ৪টি মিল ন্যস্ত রয়েছে। এছাড়াও শিল্পখাতে শ্রমিকদের অংশীদারিত্ব প্রদানের বিষয়টি বিবেচনা করে ৯টি মিল শ্রমিক-কর্মচারীদের মালিকানায় ছেড়ে দেয়া হয়। এভাবে ১৯৭৭ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত সময়ে বিটিএমসি'র মোট ৫৮টি মিল বিক্রি, হস্তান্তর ও অবসায়ন করা হয়।

এর মধ্যে ৫টি মিল ভাড়া পদ্ধতিতে চালু আছে, ১টি মিলে (চিত্তরঞ্জন কটন মিলস্, নারায়ণগঞ্জ) টেক্সটাইল পল্লী স্থাপনের কার্যক্রম বাস্তবায়নাধীন আছে, ২টি মিল (আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলস, ডেমরা, ঢাকা এবং কাদেরিয়া টেক্সটাইল মিলস, টঙ্গী, গাজীপুর) পিপিপি'র আওতায় পরিচালনার নিমিত্তে প্রাইভেট পার্টনারদের নিকট হস্তান্তর করা হয়েছে, ১টি মিলে (খুলনা টেক্সটাইল মিলস্, খুলনা) টেক্সটাইল পল্লী স্থাপনের অনুমোদন পরিবর্তনপূর্বক জমির অবস্থান অনুসারে পিপিপি-র আওতায় ফুডকোর্টসহ থিমপার্ক, হাসপাতাল, এমিউজমেন্ট পার্ক, রিসোর্ট নির্মাণের অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পুনঃপ্রস্তাবনা প্রেরণ করা হয়েছে এবং অপর ১৬টি মিলে উৎপাদন কার্যক্রম বন্ধ রয়েছে। এছাড়াও জাতীয়করণকৃত নামমাত্র (বাস্তব সম্পদবিহীন) ৩টি মিল (১. পারুমা টেক্সটাইল মিলস লিঃ ২. এলাহী কটন মিলস লিঃ ৩. রুপালী কটন মিলস লিঃ) বিটিএমসি'র তালিকায় আছে।

মিলগুলো ছাড়াও বিটিএমসির নিজস্ব উদ্যোগে এবং "টিআইডিসি" (Textile Industries Development Center) নামে সাভারে একটি শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্র ১৯৭৯ সালে প্রতিষ্ঠা করা হয়। উক্ত শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্রে দেশের সরকারি-বেসরকারি কর্মকর্তা,কর্মচারী ও শ্রমিকদের কারিগরিসহ অন্যান্য প্রশাসনিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হতো। কেন্দ্রটিকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে ১৯৯৪ সালে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের "নিট্রেড" প্রকল্পের আওতায় নেয়া হয়। "নিট্রেড" প্রকল্পটি সরকারি-বেসরকারি সদস্যদের সমন্বয়ে গঠিত গভর্নিং বডির মাধ্যমে

ম্যানেজমেন্ট কন্ট্রাক্ট-এ পরিচালনার জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী ২০০৮ সালে সম্পাদিত একটি চুক্তির মাধ্যমে বিটিএমএ (বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন) এর নিকট হস্তান্তর করা হয়।

ঢাকা চট্টগ্রামসহ বাংলাদেশের বিভিন্ন জেলা শহরের প্রাইম-জোনে স্থাপিত বিটিএমসি'র মিলগুলোতে প্রায় ৬২৩.৯৫ একর জমি (Developed land) রয়েছে। মিলগুলোতে স্থল, নৌ এবং বিমান যোগাযোগ ব্যবস্থাসহ সকল ইউটিলিটি সার্ভিসের সুবিধা বিদ্যমান রয়েছে। মিলগুলোর যন্ত্রপাতি ৩০/৪০ বছরের পুরানো প্রযুক্তির বিধায় নিজস্ব উদ্যোগে পরিচালনা করে মিলের আয় দ্বারা উৎপাদন ব্যয় নির্বাহ করা সম্ভবপর হয় না। মিলগুলো আধুনিকায়নে সরকারের আর্থিক সীমাবদ্ধতা রয়েছে। বর্তমানে সরকার রাষ্ট্রায়ত্ব মিলগুলোর সম্পদ অংশীদারিত্বের মাধ্যমে যথাযথ ব্যবহারে বেসরকারি দেশী-বিদেশী উদ্যোক্তাদের উৎসাহিত করছে। তাই দেশী-বিদেশী বিনিয়োগকারীদের সাথে পিপিপি ও যৌথ উদ্যোগে বিনিয়োগের বিষয়টি অগ্রাধীকার ভিত্তিতে বিবেচনা করা হচ্ছে। এ লক্ষ্যে বিটিএমসি'র মিলগুলো পর্যায়ক্রমে পিপিপি ও যৌথউদ্যোগে বিনিয়োগের মাধ্যমে আধুনিকায়ন ও নতুন গ্রীন প্রকল্প গ্রহণপূর্বক আধুনিক স্পিনিং, উইভিং, ডাইং-ফিনিশিং সম্বলিত কম্পোজিট টেক্সটাইল শিল্প প্রতিষ্ঠান স্থাপনের পরিকল্পনার আওতায় ইতোমধ্যে পিপিপি কর্তৃপক্ষের সাথে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পিপিপি এর আওতায় বিটিএমসি'র ১৬টি মিল পরিচালনার জন্য CCEA (Cabinet Committee on Economic Affairs)-এ নীতিগত অনুমোদিত হয়েছে। তন্মধ্যে প্রথম পর্যায়ে দুটি মিল (আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলস লিঃ, ডেমরা, ঢাকা ও কাদেরিয়া টেক্সটাইল মিলস লিঃ, টঙ্গী, গাজীপুর) পিপিপি'র মাধ্যমে পরিচালনার জন্য আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে প্রাইভেট পার্টনার নির্বাচন করে যথাক্রমে ২৫-০৬-২০১৯ ও ২১-০৭-২০১৯ তারিখ আনুষ্ঠানিভাবে চুক্তি সম্পাদিত হয়েছে। মিল দুটি দ্রুত হস্তান্তর কার্যক্রম প্রক্রিয়াধীণ। মিল দুটি চালু হলে কয়েক হাজার জনবলের কর্মসংস্থান সৃষ্টি হবে।

বিদেশী বিনিয়োগকারীদের উৎসাহিত করার লক্ষ্যে ঢাকায় নিযুক্ত চীন, কোরিয়াসহ বিভিন্ন মান্যবর রাষ্ট্রদুতদের সাথে আলাপ-আলোচনা অব্যাহত আছে। এছাড়াও দেশের বিভিন্ন প্রতিষ্ঠিত শিল্প উদ্যোক্তাদের সাথে নিয়মিত মত-বিনিময় অব্যাহত আছে।

পিপিপি'র মাধ্যমে অবশিষ্ট ১৪টি মিলের মধ্যে দ্বিতীয় পর্যায়ে রয়েছে ৪টি মিল যথা- (১) আর, আর, টেক্সটাইল মিলস, সীতাকুন্ড, চট্রগ্রাম, (২) দোস্ত টেক্সটাইল মিলস, নতুন রাণীরহাট, ফেণী, (৩) মাগুরা টেক্সটাইল মিলস, মাগুরা ও (৪) রাজশাহী টেক্সটাইল মিলস, সপুরা, রাজশাহী । এ বছর বর্ণিত ৪টি মিলের আন্তর্জাতিক দরপত্র আহবানের কার্যক্রম দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে। মিলগুলো পিপিপি'র মাধ্যমে চালু করার পরিকল্পনা অনুযায়ী বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং বিটিএমসি কাজ করে যাচ্ছে এবং ইনশাল্লাহ এগুলো অত্যন্ত দ্রুততার সাথে বাস্তবায়ন করা হবে। আশা করা যাচ্ছে এই পরিকল্পনা বাস্তবায়ন হলে বন্ধ মিলগুলো পূর্ণাঙ্গ রূপে আধুনিকভাবে চালু হবে, যা ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে, শিল্পায়নের প্রসার ঘটবে, রাজস্ব আদায় বৃদ্ধি পাবে এবং রপ্তানী বাড়বে। পিপিপি অফিস, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বিটিএমসি এবং উপদেষ্টা প্রতিষ্ঠান আইআইএফসি (অর্থ মন্ত্রণালয়ের অধীন) সমন্বিতভাবে কাজ করে যাচ্ছে।

রূপকল্প (Vision):

লাভজনক বিটিএমসি।

অভিলক্ষ্য (Mission):

বস্ত্রখাতে দেশীয় চাহিদাপূরণ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দেশী-বিদেশী যৌথ বিনিয়োগ/পিপিপি এর মাধ্যমে বন্ধ মিলসমূহ চালুকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার।

কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. আয় বৃদ্ধিকরণ;
২. দক্ষতা উন্নয়ন;
৩. ব্যয় সংকোচন;
৪. বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরন;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

বিটিএমসি'র কার্যাবলী (এনাম কমিটির রিপোর্ট অনুযায়ী):

- সংস্থা ও এর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহের গুরুত্বপূর্ন প্রশাসনিক ও অন্যান্য কার্যক্রম,সাধারন নির্দেশাবলী ইত্যাদি সরকার কর্তৃক নিয়োগকৃত পরিচালক পর্ষদের উপর ন্যস্ত;
- সংস্থার নিয়ন্ত্রণাধীন শিল্প-প্রতিষ্ঠানসমূহ বানিজ্যিক ভিত্তিতে পরিচালনার জন্য জাতীয় পরিকল্পনা এবং নীতিমালা প্রনয়ণে সরকারের সাথে সমন্বয় ও সহায়তা প্রদান;
- সরকারের সাথে আলোচনা এবং অনুমোদনক্রমে নতুন নতুন প্রকল্প প্রনয়নে উদ্যোগ গ্রহন, প্রকল্প চিহ্নিতকরণ ও উন্নয়ন এবং বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন;
- চালু মিলগুলো সুষ্ঠভাবে পরিচালনা ও বন্ধ মিলগুলো চালু করা;
- দেশী-বিদেশী যৌথ বিনিয়োগ/পিপিপি এর মাধ্যমে মিলসমূহ পরিচালনার লক্ষ্যে প্রকল্প চিহ্নিতকরণ ও চালুকরণে উদ্যোগ গ্রহণ;
- অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ, সমস্যা চিহ্নিত করণ, অপচয় হ্রাসকরণ এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা;
- উন্নয়নশীল কর্ম পরিকল্পনা ও উৎপাদনের গুণগতমান নিশ্চিতকরণ;
- সরকারী সম্পদের যথাযথ ও যুগোপযোগী ব্যবহার নিশ্চিতপূর্বক আর্থিক স্বচ্ছলতা আনয়নের সাথে সাথে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সামাজিক উন্নয়ন;
- সরকারী নির্দেশনা মোতাবেক বস্তুনিষ্ঠ তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও প্রেরণ;
- জাতীয় স্বার্থের প্রেক্ষাপটে সরকার কর্তৃক নির্ধারিত কোন বিষয়ের উপর সুনির্দিষ্ট পরীক্ষা-নিরীক্ষা সম্পাদনকরণ;
- বস্ত্রখাতের জন্য পন্য সংগ্রহ, উৎপাদন, বন্টন, মূল্য নির্ধারন, শ্রম ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে সরকারী নীতিমালার বাস্তবায়ন;
- শিল্প প্রতিষ্ঠানসমূহের জন্য বাস্তবধর্মী আর্থিক লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারন;
- সাধারন ভোক্তাদের স্বার্থের প্রতি লক্ষ্য রেখে শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পন্যের মূল্য স্থিতিশীল রাখার জন্য সার্বক্ষনিক বাজার পর্যবেক্ষন এবং সঠিক বন্টন নীতি উদ্ভাবন;
- শ্রমিক-কর্মচারীদের সমাজ কল্যানমূলক ও কমিউনিটি সেবার উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কাযর্ক্রম গ্রহন;
- শিল্প প্রতিষ্ঠানসমূহের জন্য বিধিবদ্ধ ও আইনগত নিয়ম যথাযথভাবে অনুসরন;
- প্রতিষ্ঠানসমূহের জন্য স্থানীয় ও বিদেশ থেকে যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ, কাচাঁমাল, রং-রসায়ন ইত্যাদি সংগ্রহের জন্য নীতিমালা ও পদ্ধতি নির্ধারন ;
- যদি কৌশলগত সমস্যা যেমন বৈদেশিক মূদ্রা সংগ্রহ/বরাদ্দ, ঋণ এর ব্যবস্থা, লাইসেন্স সংগ্রহ এবং এলসি খোলার ক্ষেত্রে সমস্যা দেখা দেয় সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান ;
- বস্ত্রখাতে যৌথ উদ্যোগে শিল্প প্রতিষ্ঠান স্থাপনের সম্ভাব্যতা যাচাইকরণ;
- সরকারী বস্ত্রখাতের সম্পদের যথাযথ ও যুগোপযোগী ব্যবহার নিশ্চিতপূর্বক আর্থিক স্বচ্ছলতা আনয়নের সাথে সাথে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সামাজিক উন্নয়ন;
- ক্রয়, উৎপাদন, বন্টন, মূল্য নির্ধারন ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে সরকারী নীতি বাস্তবায়ন;
- উন্নয়নশীল কর্ম-পরিকল্পনা ও উৎপাদনের গুনগত মান পরিমাপ এবং অপচয় হ্রাসে যথাযথ ব্যবস্থা গ্রহন;
- অধিনস্ত প্রতিষ্ঠানসমূহের দক্ষতা উন্নয়ন, সমস্যা চিহ্নিতকরণ ও সম্পদের সুষ্ঠু ব্যবহারে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।

বিটিএমসি'র বর্তমান পরিচালনা পর্ষদঃ

ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মাদ কামরুজ্জামান,
পিবিজিএমএস, এনডিসি, পিএসসি, জি, চেয়ারম্যান।

মো: শওকত আকবর
পরিচালক (পরিচালন)

এম.এ.সালাম
পরিচালক (অর্থ ও নিরীক্ষা)

আখতারুজ্জামান মোহাম্মদ মোস্তফা কামাল
পরিচালক (বাণিজ্য)

মোঃ ফজলুল কবির
পরিচালনা পর্ষদ সচিব
বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন

সংস্থার সাংগঠনিক কাঠামো ও জনবল:

(ক) এনাম কমিটি'র অনুমোদিত বিটিএমসি প্রধান কার্যালয়ের সাংগঠনিক কাঠামো (স্বেচ্ছাবসরের কারণে বিলুপ্ত পদ, অবশিষ্ট পদের চিত্রসহ):

ক্রঃ নং	বিবরণ	১ম শ্রেণী	২য় শ্রেণী	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী	মোট
১	এনাম কমিটির অনুমোদিত সংখ্যা	১৬২	৫২	১৮৭	১৩২	**৫৩৩**
২	স্বেচ্ছাবসরের কারণে বিলুপ্ত পদ সংখ্যা	৭৬	২৪	৫৩	৭৩	**২২৬**
৩	স্বেচ্ছাবসর পরবর্তী সংখ্যা	৮৬	২৮	১৩৪	৫৯	**৩০৭**



(খ) অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রধান কার্যালয়ের জনবলের শ্রেণী ভিত্তিক চিত্র ও বার চার্টঃ

ক্রঃ নং	বিবরণ	১ম শ্রেণী		২য় শ্রেণী		৩য় ও ৪র্থ শ্রেণী		মোট	
		স্থায়ী	দৈঃ ভিত্তিক	স্থায়ী	দৈঃভিত্তিক	স্থায়ী	দৈঃ ভিত্তিক	স্থায়ী	দৈঃ ভিত্তিক
১	স্বেচ্ছাবসর পরবর্তী	৮৬	-	২৮		১৯৩		৩০৭	-
২	কর্মরত জনবল	৩৬	-	১১	-	৬২	০৮	১০৯	০৮
৩	শূন্য পদ	৫০	-	১৭	-	১৩১	০৮	১৯৮	০৮

* অনুমোদিত সেট-আপ-এর শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে দৈনিক ভিত্তিক নিয়োগ।



(গ) বিটিএমসি'র সাংগঠনিক কাঠামো:



(ঘ) বিটিএমসি'র প্রধান কার্যালয়ের প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোঃ

ক্র: নং	বিভাগ/শাখা	জনবল সংখ্যা	ক্র: নং	বিভাগ/শাখা	জনবল সংখ্যা
১	চেয়ারম্যান শাখা	০৬	১০	নিরীক্ষা বিভাগ	১৩
২	পরিচালক (বাণিজ্য) শাখা	০৩	১১	চিকিৎসা বিভাগ	০২
৩	পরিচালক (পরিচালন) শাখা	০৩	১২	কারিগরী বিভাগ	০৮
৪	পরিচালক (অর্থ ও নিরীক্ষা) শাখা	০৩	১৩	বোর্ড শাখা	০৮
৫	সচিব শাখা	০৩	১৪	কর্মচারী সংযোগ শাখা	২৯
৬	এমআইএস বিভাগ	০৯	১৫	সাধারণ কর্মশাখা	২৭
৭	বাণিজ্য বিভাগ	০৮	১৬	পারসনেল শাখা	১০
৮	হিসাব বিভাগ	২১	১৭	শিপিং অফিস	০১
৯	উন্নয়ন বিভাগ	২২		মোট	১৭৬

নাগরিক সেবা প্রদান ও বিভিন্ন বিষয়ে বিটিএমসি'র ফোকাল পয়েন্ট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:

ক্রঃ নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১.	পিপিপি এর আওতায় মিল চালু করা।	বিটিএমসির ১৬টি মিল পিপিপি আওতায় পরিচালনার জন্য সিসিইএ-এ হতে নীতিগত অনুমোদন প্রাপ্ত।পিপিপি সংক্রান্ত তথ্য সাম্ভাব্য বিনিয়োগকারীদের সরবারহ করা হয়।	সংস্থার বাণিজ্য বিভাগ।	বিনামূল্যে।	সার্বক্ষণিক।	নামঃ কাজী ফিরোজ হোসেন, পদবীঃ প্রকল্প পরিচালক,মহাব্যবস্থাপক (চঃদাঃ)(বাণিজ্য) বাণিজ্য বিভাগ, বিটিএমসি, ঢাকা। ফোনঃ ৮১৮৯১৩২ মোবাঃ ০১৯১১-৩৫৮৮৯৯,০১৭৮১-১৮০৬৫৬ মেইলঃferoz775@gmail.com
২	তাঁতীদের সুতা প্রদান।	বাংলাদেশ তাঁত বোর্ডের নিবন্ধিত তাঁতীদের আবেদনের প্রেক্ষিতে মিলের ভাড়াটিয়া পার্টির নির্ধারিত দরে মিল থেকে সরাসরি সুতা সরবরাহ করা।	তাঁতী/তাঁতী সমিতির নিবন্ধন সনদ, আবেদনপত্র সংশ্লিষ্ট মিল থেকে।	সুতার মূল্য নগদ/ ডিডির মাধ্যমে পরিশোধ।	সুতার মজুদ থাকা সাপেক্ষে, সর্বোচ্চ ১(এক) দিন।	নামঃ নূরুল আলম মিয়া, পদবীঃ বাণিজ্যিক কর্মকর্তা, বাণিজ্য বিভাগ, বিটিএমসি, ঢাকা। ফোনঃ ৮১৮৯১৩২ মোবাঃ ০১৯১২-০১০৩৫০ মেইলঃ n.alam@btmc.gov.bd
৩	কার পার্কিং সুবিধা।	আবেদনের প্রেক্ষিতে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে কার পার্কিং সুবিধা প্রদান।	(১) আবেদনপত্র (২) নির্ধারিত ফরম/ সুনির্দিষ্ট তথ্য সম্বলিত আবেদনপত্র	ভাড়ার মূল্য নগদ/ ডিডির মাধ্যমে পরিশোধ।	অনধিক ১০ দিন (প্রযোজ্য ক্ষেত্রে)।	নামঃ জনাব মোঃ আমানউল্লাহ, পদবীঃ উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ),উন্নয়ন বিভাগ। মোবাইলঃ ০১৯১২৫৯৯৮৮৯ মেইলঃ btmc.development@gmail.com
৪	তথ্য অধিকার আইনের আওতায় নাগরিককে তথ্য প্রদান।	আবেদন প্রাপ্তির পর নির্ধারিত ফরমে তথ্য প্রদান।	(১) আবেদনপত্র (২) নির্ধারিত ফরম/ সুনির্দিষ্ট তথ্য সম্বলিত আবেদনপত্র	বিনামূল্যে।	১০/১৫ দিন (প্রযোজ্য ক্ষেত্রে)।	নামঃ জনাব সাব্বির আহমেদ পদবীঃ সহ-প্রধান প্রকৌশলী ও ইনচার্জ, উন্নয়ন বিভাগ, ফোনঃ ৮১৮০০৫৩ মোবাইলঃ ০১৭১২৭৫১২৮৫ মেইলঃ btmc.development@gmail.com
৫	প্রতিবন্ধী বান্ধব টয়লেট সুবিধা।	বিটিএমসি ভবনের নীচ তলায় প্রতিবন্দীদের জন্য নিঃশর্ত টয়লেট সুবিধা প্রদান।	প্রযোজ্য নহে।	বিনামূল্যে।	সার্বক্ষণিক।	নামঃ মোঃ কোরবান আলী পদবীঃ উপ-সহকারী প্রকৌশলী(পুর),উন্নয়ন বিভাগ। মোবাইলঃ ০১৮১৮৪১৩৪৮৪ মেইলঃ btmc.development@gmail.com

ক্রঃ নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
৬	উৎসেকর/আয়কর ও ভ্যাট ইত্যাদি কর্তন সংক্রান্ত প্রত্যয়ন পত্র প্রদান।	সংশ্লিষ্ট ঠিকাদার/সরবরাহকারী ও ব্যাক্তির নিকট হতে প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে প্রদান।	হিসাব বিভাগের বিল শাখা	বিনামূল্যে	০৫ কার্যদিবস।	নামঃ রঞ্জন কুমার প্রসাদ পদবীঃ সহঃ প্রধান হিসাব রক্ষক ফোন নং- ৯১৪০৯৩০, মোবাইলঃ ০১৯৭৭৫০৫৪৫৯ মেইলঃ ranjonprosad@gmail.com
৭	বেতন হতে কর্তিত উৎসে কর সংক্রান্ত প্রতিবেদন প্রদান।	বিটিএমসি’র জন্য নির্ধারিত কর অঞ্চল কর্তৃক অফিস আদেশ/চিঠির বিপরীতে প্রতিবেদন প্রদান।	হিসাব বিভাগ	বিনামূল্যে	প্রতি মাসের প্রথম ০৫ কার্য দিবসের মধ্যে।	নামঃ হাফিজুর রহমান পদবীঃ হিসাব কর্মকর্তা ফোন নং- ৯১৪০৯৩০, মোবাইলঃ ০১৬২০২৩৯০৭৫ মেইলঃrahmanhafiz85@gmail.com
৮	ঠিকাদারদের বিল প্রদান।	ঠিকাদার/সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত বিল পরীক্ষা এবং পরিশোধের কার্যক্রম গ্রহন।	সংস্থার সাধারণ কর্মশাখা/ উন্নয়ন বিভাগ।	কার্যাদেশ/ক্রয়াদেশ মোতাবেক পাওনা নির্ধারন এবং চেকের মাধ্যমে প্রদান।	বিল দাখিলের ১৫ কার্যদিবসের মধ্যে।	নামঃ বুশরাত বিনতে কাইয়ূম পদবীঃ বিক্রয় কর্মকর্তা (হিসাব বিভাগ) ফোন নং- ৯১৪০৯৩০ মোবাইলঃ ০১৬৭৭১১৮৩৮০ মেইল:bushratlamia86@gmail.com
৯	ক্রয়কৃত পন্য ও সেবার জন্য মূল্য পরিশোধ।	পার্টি/ব্যক্তিবর্গ কর্তৃক দাখিলকৃত বিল পরীক্ষা এবং পরিশোধের কার্যক্রম গ্রহন।	সংস্থার সাধারণ কর্মশাখা/ উন্নয়ন বিভাগ এবং সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ।	কার্যাদেশ/ক্রয়াদেশ মোতাবেক পাওনা নির্ধারন এবং চেকের মাধ্যমে প্রদান।	বিল দাখিলের ১৫ কার্যদিবসের মধ্যে।	নামঃ বুশরাত বিনতে কাইয়ূম পদবীঃ বিক্রয় কর্মকর্তা (হিসাব বিভাগ) ফোন নং- ৯১৪০৯৩০ মোবাইলঃ ০১৬৭৭১১৮৩৮০ মেইল:bushratlamia86@gmail.com

অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS):

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

ক্র: নং	কখন যোগাযোগ করবেন (দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে)	কার সঙ্গে যোগাযোগ করবেন	যোগাযোগের ঠিকানা	নিষ্পত্তির সময়সীমা
১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)	GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম ও পদবী নামঃ জনাব সাব্বির আহমেদ পদবীঃ সহ-প্রধান প্রকৌশলী ও ইনচার্জ, উন্নয়ন বিভাগ, ফোনঃ ৮১৮০০৫৩ মোবাইলঃ ০১৭১২৭৫১২৮৫ মেইলঃ btmc.development@gmail.com ওয়েব পোর্টাল-প্রতিষ্ঠানের ওয়েব পোর্টালের GRS লিঙ্ক	তিন মাস
২	GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে	আপিল কর্মকর্তা	নাম: ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মাদ কামরুজ্জামান পিবিজিএমএস, এনডিসি, পিএসসি, জি পদবী:চেয়ারম্যান, বিটিএমসি, ঢাকা। ফোন:০১৯৩২৪৬১২০৭ ইমেইল: chairman@btmc.gov.bd ওয়েব পোর্টাল -প্রতিষ্ঠানের ওয়েব পোর্টালের GRS লিঙ্ক	এক মাস
৩	আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে	মন্ত্রণালয়ের অভিযোগ ব্যবস্থাপনা সেল	অভিযোগ গ্রহণ কেন্দ্র বস্ত্র ও পাট মন্ত্রলালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ওয়েব: www.motj.gov.bd	তিন মাস

আপনার কাছে আমাদের প্রত্যাশাঃ

ক্রমিক নং	প্রতিশ্রুতি/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয়
১)	নির্ধারিত ফরমে আবেদনপত্র
২)	প্রয়োজনীয় ফিস পরিশোধ
৩)	নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিতি

বিটিএমসি'র ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের নাম ও পদবী

ক্র: নং	কমিটির নাম	ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের নাম ও পদবী
০১	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)	নাম: মোঃ ইব্রাহিম মিয়া পদবী: সহকারী ব্যবস্থাপক (কারিগরী), বিটিএমসি, ঢাকা। ফোন:৮১৮৯০৮৬, মোবাইল-০১৭১৪৫৮২৫৮১ মেইল-: ibrahim.btmc81@gmail.com
০২	বিটিএমসি বিষয়ক ফোকাল পয়েন্ট	নাম: জনাব মোঃ ফজলুল কবীর পদবী:সচিব, বিটিএমসি, ঢাকা। ফোন:৯১১৫৭৬৩, মোবাইলঃ ০১৭১৫৪৫৩০০৯ মেইলঃ btmcho@gmail.com
০৩	তথ্য অধিকার (RTI)	নাম: জনাব সাব্বির আহমেদ পদবী: সহ-প্রধান প্রকৌশলী ও ইনচার্জ, উন্নয়ন বিভাগ, বিটিএমসি, ঢাকা। ফোন:৮১৮০০৫৩, মোবাইলঃ ০১৭১২৭৫১২৮৫ মেইলঃ btmc.development@gmail.com
০৪	ওপেন গভর্ণমেন্ট ডাটা (OGD)	নাম: জনাব সাব্বির আহমেদ পদবী: সহ-প্রধান প্রকৌশলী ও ইনচার্জ, উন্নয়ন বিভাগ, বিটিএমসি, ঢাকা। ফোন:৮১৮০০৫৩, মোবাইলঃ ০১৭১২৭৫১২৮৫ মেইলঃ btmc.development@gmail.com
০৫	ইনোভেশন (INNOVATION)	নামঃ জনাব মো: মহিউদ্দিন পদবীঃ প্রধান হিসাব রক্ষক (অতিঃ দাঃ), বিটিএমসি, ঢাকা। ফোনঃ ৯১৪০৯৩০, মোবাইলঃ ০১৭১২৮৪৮৪৯৮ মেইল: mdmohiuddin.b@gmail.com
০৬	টেকসই উন্নয়ন অভিষ্ট (SDG)	নামঃ জনাব মোঃ সহিদউল্লাহ পদবীঃ উপ-প্রধান নিরীক্ষক, বিটিএমসি, ঢাকা। ফোনঃ ৮১৮৯০৮৪, মোবাইলঃ ০১৮১৪৭৭৫৮১২ মেইল: btmcho@gmail.com
০৭	ওয়ান স্টপ সার্ভিস (One Stop Service	নামঃ জনাব কাজী ফিরোজ হোসেন পদবীঃ ইনচার্জ (বাণিজ্য বিভাগ), বিটিএমসি, ঢাকা। ফোন:৮১৮৯১৩২, মোবাইলঃ ০১৯১১-৩৫৮৮৯৯ মেইলঃ gm.commerce@btmc.gov.bd
০৮	জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)	নামঃ জনাব মোঃ মজিবুর রহমান পদবীঃ উপ-মহাব্যবস্থাপক (পারসনেল), বিটিএমসি, ঢাকা। ফোন:৯১৩৯০০৫, মোবাইলঃ ০১৮১৮৭৭১৫৯১ মেইলঃ gm.personnel@btmc.gov.bd

২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা ও অর্জন:

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্ম সম্পাদন সূচক	একক	লক্ষ্যমাত্র /অর্জন	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯				
						অসাধারন ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%
বিটিএমসি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ										
১. আয় বৃদ্ধিকরণ	৪০.০০	১.১ বিটিএমসি ভবন ভাড়া বাবদ আয়	আদায়কৃত ভাড়া	লক্ষ টাকা	লক্ষ্যমাত্রা	৭০৩.০০	৭০২.০০	৭০১.০০	৭০০.৫০	৬৫০.০০
					অর্জন	৭০৪.৫৪				
		১.২ ভাড়ায় পরিচালিত মিলের আয়	আদায়কৃত ভাড়া	লক্ষ টাকা	লক্ষ্যমাত্রা	৩০০.০০	২৯০.০০	২৮০.০০	২৬৬.৫৩	২৫০.০০
					অর্জন	৩০৫.৬৪				
২. বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ	২২.০০	২.১ বন্ধ মিলসমূহ চালুর লক্ষ্যে দেশী/বিদেশী উদ্যোক্তাদের সাথে সভা	আয়োজিত সভা	সংখ্যা	লক্ষ্যমাত্রা	৯	৮	৮	৮	৬
					অর্জন	৯				
		২.২ ব্যয় হ্রাসের লক্ষ্যে মিল প্রধানদের সাথে সভা	আয়োজিত সভা	সংখ্যা	লক্ষ্যমাত্রা	৪	৩	২	২	১
					অর্জন	৪				
		২.৩ চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লীর শিল্প প্লট বিক্রয়	বিক্রিত প্লট	সংখ্যা	লক্ষ্যমাত্রা	৩	২	১	০	০
					অর্জন	৩				
		২.৪ পিপিপি'র মাধ্যমে বিটিএমসি'র মিল চালুর নিমিত্তে আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরণ	আইন মন্ত্রণালয়ে ভেটিং	সংখ্যা	লক্ষ্যমাত্রা	২	১	১	০	০
					অর্জন	২				
৩. দক্ষতা উন্নয়ন	১০.০০	৩.১ কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ	জনবল	সংখ্যা	লক্ষ্যমাত্রা কর্মকর্তা	৩৫	৩৪	৩১	২৪	২২
					অর্জন	৩৫				
					লক্ষ্যমাত্রা কর্মচারী	৬৪	৬২	৫৫	৪৫	৪০
					অর্জন	৬৪				
৪. বস্ত্র শিল্প উন্নয়নে সহায়তাকরণ	৩.০০	৪.১ বিটিএমসি'র পরীক্ষাগারে তূলা, সূতা ও কাপড়ের নমুনা পরীক্ষা	পরীক্ষাকৃত নমুনা	সংখ্যা	লক্ষ্যমাত্রা	৮০	৭৫	৭২	৭০	৬০
					অর্জন	৮০				

বিগত দুই বছরে (২০১৮-১৯ ও ২০১৭-১৮) আয়-ব্যয় ও লাভ/লোকসানের তুলনামুলক চিত্রঃ



ক্রমিক নং	বিবরণ	২০১৮-১৯	২০১৭-১৮
১	আয় (কোটি টাকা)	৭.৭২	৯.৫৬
২	ব্যয় (কোটি টাকা)	১০.৭৫	১৪.৮৪
